

ঢাকায় বাস ও ট্রেনের জন্য গুগল ম্যাপসে নতুন ফিচার

প্রথম আলো ডেস্ক

প্রকাশ: ৩ ডিসেম্বর ২০২০, ১৫:২৮



রাজধানীতে চলাচলকারী বাস ও ট্রেনের জন্য গুগল ম্যাপসে যুক্ত হয়েছে নতুন ফিচার। গুগল ট্রানজিট নামে নতুন এই ফিচারের মাধ্যমে গণপরিবহনে যাতায়াতকারী ব্যক্তির সহজেই গণপরিবহনসংক্রান্ত তথ্য পাবেন। গুগলের তথ্য অনুযায়ী, ফিচারটির মাধ্যমে গুগল ম্যাপস রুট, স্টপেজ ও ভ্রমণের আনুমানিক সময় দেখাবে। এতে ভ্রমণের পরিকল্পনা ঠিক করে নেওয়া সহজ হবে।

উদাহরণ হিসেবে বলা যায়, কেউ যদি জাতীয় সংসদ ভবন থেকে লালবাগ কেল্লায় যেতে চান, তাহলে তাঁকে দুটি জায়গা টাইপ করতে হবে। তারপর গুগল ট্রানজিট তাৎক্ষণিকভাবে ব্যক্তিকে কাছের বাস স্টপেজে যাওয়ার পথ, কোন বাসে উঠতে হবে, কোন পথে যেতে হবে ও কোন স্টপেজে নামতে হবে, তা জানিয়ে দেবে। এ ছাড়া গন্তব্যের আনুমানিক দূরত্ব এবং ভাড়াসংক্রান্ত তথ্যও জানিয়ে দেবে।

গুগলের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, আজ বৃহস্পতিবার থেকে গুগল ট্রানজিট ফিচারটি প্রাথমিকভাবে রাজধানীতে চলাচলকারী বাস ও বাংলাদেশ রেলওয়ে পরিচালিত ট্রেনের জন্য প্রযোজ্য হবে।

গণপরিবহনে চলাচলকারী ব্যক্তি, যাঁদের জায়গা ও রাস্তা সম্পর্কে ধারণা নেই, তাঁরা গুগল ট্রানজিটের মাধ্যমে তাঁদের যাত্রার আনুমানিক সময় জেনে যেতে পারবেন।

যেভাবে গুগল ট্রানজিট ব্যবহার করে গণপরিবহনসংক্রান্ত তথ্য জানতে পারবেন

১. অ্যান্ড্রয়েড কিংবা আইওএস ডিভাইসে গুগল ম্যাপস খুলতে হবে।

২. গন্তব্য ঠিক করতে হবে এবং 'ডিরেকশনস' আইকন ট্যাপ করতে হবে কিংবা 'গো' আইকন ট্যাপ করতে হবে। 'সোর্স' ও 'ডেস্টিনেশন' জায়গা ঠিক করতে হবে।

৩. পথ ও গন্তব্যসংক্রান্ত তথ্য জানতে 'ট্রানজিট' আইকন (যদি এটা ইতিমধ্যে নির্বাচন করা না হয়) ট্যাপ করতে হবে।

৪. রুটের স্টপেজসংক্রান্ত জানতে রেকমেন্ডেড রুট ট্যাপ করতে হবে।

৫. বাসের সময়সূচি ও গন্তব্যের তালিকা জানতে যেকোনো বাসস্টপ ট্যাপ করতে হবে।

বাংলাদেশে এর আগে রাইডারদের জন্য গুগল ম্যাপে কয়েকটি নতুন ফিচার চালু করেছিল গুগল।

ফিচারগুলোর মধ্যে ছিল বাংলাতে টু-হুইলার নেভিগেশন মোড এবং টার্ন-বাই-টার্ন ভয়েস নেভিগেশন।